**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:14-08–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

*__President..__

৭৮তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে আজ সন্ধ্যা ৭টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। ভাষণটি আকাশবাণীর সমগ্র নেটওয়ার্কে সম্প্রচারিত হবে এবং দূরদর্শনের সমস্ত চ্যানেলে হিন্দিতে সম্প্রচারিত হবে।

***************

**Independence Day-Programme :**

"হর ঘর তিরঙ্গা" কর্মসূচি পালনের মধ্য দিয়ে গতকাল থেকে রাজ্যে স্বাধীনতা দিবস উদযাপনের কর্মসূচি শুরু হয়েছে। গতকাল সূর্যোদয়ের পর সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও বাড়ি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। "হর ঘর তিরঙ্গা" কর্মসূচিতে আজও সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও বাড়ি ঘরে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। আগামীকাল ১৫ই আগস্ট স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচি শুরু হবে ভোর ৫টায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রভাতফেরীর মাধ্যমে। ১৫ই আগস্ট আগরতলায় মূল অনুষ্ঠানটি হবে আসাম রাইফেলস ময়দানে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ঐদিন সকাল ৯টা ১০ মিনিটে আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন।

***************

**HarGhar C.M Elbart Ekka Park :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের আগামী প্রজন্মের মধ্যে দেশাত্মবোধের চেতনাকে বাড়িয়ে তুলতে ও

শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২২ সালে দেশব্যাপী হর ঘর তিরঙ্গা অভিযানের সূচনা করেছিলেন। দেশের সার্বভৌমত্বকে সবাই মিলে রক্ষা করতে হবে।

গতকাল বিকেলে আগরতলার লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচীতে শহীদ বীর সৈনিকদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানের শুরুতেই মুখ্যমন্ত্রী এলবার্ট এক্কা স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশ রক্ষায় যাঁরা নিজেদের জীবন উৎসর্গ করেছেন তাদের প্রতি সম্মান জানানোর লক্ষ্যেই এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী প্রজন্মকে এই বীর শহীদদের কথা সর্বদা স্মরণ করতে হবে। শহীদদের পথ অনুসরণ করতে হবে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী দেশ রক্ষায় শহীদ এলবার্ট এক্কার আত্মবলিদানের কথা তুলে ধরেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ডা. দিলীপ কুমার দাস, সমাজসেবী রাজীব ভট্টাচার্য্য, বিপিন দেববর্মা, মুকুল চন্দ্র রায় প্রমুখ।

***************

**HarGhar Tiranga-Khowai:**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল "হর ঘর তিরঙ্গা" কর্মসূচির অঙ্গ হিসেবে খোয়াই শহরে একটি সুসজ্জিত রেলির আয়োজন করা হয়। জাতীয় পতাকা হাতে নিয়ে এই রেলিতে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন ও অন্যান্য আধিকারিবৃন্দ।

******************

**Panchayet Election :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে জিলা পরিষদের সবকটি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে। গতকাল সন্ধ্যায় রাজ্য নির্বাচন কমিশন সুত্রে প্রাপ্ত সর্বশেষ তথ্য অনুযায়ী জানা গেছে, ৮টি জিলা পরিষদে মোট ১১৬টি আসনের মধ্যে বিজেপি পেয়েছে ১১৩টি আসন, কংগ্রেস ২টি ও সিপিআইএম পেয়েছে ১টি আসন। ৩৫টি পঞ্চায়েত সমিতির মোট ৪২৩টি আসনের মধ্যে এখন পর্যন্ত ৪২০টি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে। এর মধ্যে বিজেপি পেয়েছে ৪০৪টি আসন, কংগ্রেস ৮টি, সিপিআইএম ৭টি ও নির্দল প্রার্থী পেয়েছে ১টি আসন। তাছাড়া ৬০৬টি গ্রাম পঞ্চায়েতে মোট ৬৩৭০টি আসনের মধ্যে এখন পর্যন্ত ৬২৮০টি আসনের ফলাফল ঘোষণা করা হয়েছে। এরমধ্যে বিজেপি পেয়েছে ৫ হাজার ৮৮৩টি আসন, কংগ্রেস ১৩৮টি, সিপিআইএম ১৩৭টি, তিপরা মথা ১০২টি ও নির্দল প্রার্থী পেয়েছে ২০টি আসন।

****************

**Panchayet Result BJP C.M :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জনতা পার্টির বিপুলভাবে সাফল্যে বিজেপি নেতা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসী, নির্বাচনের কাজে নিযুক্ত কর্মী ও দলের কর্মীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

গতকাল সন্ধ্যায় আগরতলায় বিজেপি প্রদেশ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি

নাড্ডার ও ডাবল ইঞ্জিন সরকারের  প্রতি মানুষের আস্থার প্রতিফলন হল এই ফলাফল।  তিনি বলেন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জনতা পার্টি  একাই ৯৭ শতাংশ আসনে জয়লাভ করেছে।  দলের সকল অংশের নেতা কর্মীদের জন্যই তা সম্ভব হয়েছে বলে তিনি উল্লেখ করেন।    সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত  ছিলেন,  প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, দলের নেতা প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান সাংসদ বিপ্লব কুমার দেব।

দলের কার্যকর্তাদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন  মুখ্যমন্ত্রী প্রফেসর ডা.মানিক সাহা।

****************

**Border hut Srinagar :**

বাংলাদেশে রাজনৈতিক পালাবদলের পর প্রথম হাটবারে শ্রীনগর – পূর্ব মধুপুর সীমান্ত হাট বন্ধ থাকলেও গতকাল দ্বিতীয় হাটবারে বসে সীমান্ত হাট। অন্যদিনের মত স্বাভাবিক হাটে ৮৫০ জন ভারতীয় নাগরিক ও ৪৫০ জন বাংলাদেশী নাগরিককে কেনাকাটার জন্য প্রবেশ করতে দেওয়া হয়। এছাড়াও দুই দেশের ২৭ জন করে দোকানদারের মধ্যে ২৫ জন ভারতীয় ও ২৬ জন বাংলাদেশী দোকানদার হাটে পসরা সাজিয়ে বসে।

***************

**Sukanto Bhattacharya..**

বাংলা সাহিত্যের অন্যতম কাব্য প্রতিভা কবি সুকান্ত ভট্টাচার্যর আজ ৯৯ তম জন্ম দিবস।  রাজ্যেও বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে তার জন্ম জয়ন্তী পালনের উদ্যোগ নেওয়া হয়েছে।  ত্রিপুরা

সংস্কৃতি সমন্বয় কেন্দ্র তাঁর জন্ম জয়ন্তী পালনের আয়োজন করেছে। ১৯২৬ সালে কোলকতায় কবি সুকান্তর জন্ম।

**************

**Protest :**

বাংলাদেশের সাম্প্রতিক আন্দোলনে বিভিন্ন হিংসাত্মক ঘটনায় ৫জন সাংবাদিক নিহত হওয়ার ঘটনা ও আহত হওয়া অর্ধশতাধিক সাংবাদিককে নিষিদ্ধ ঘোষণা করার উদ্যোগের নিন্দা জানিয়েছে সাংবাদিকদের কয়েকটি শাখা । এর মধ্যে রয়েছে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন, ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস ইউনিয়ন, ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ইউনিয়ন,ত্রিপুরা ইলেকট্রনিক মিডিয়া সোসাইটি, খুমলুঙ প্রেস ক্লাব,ত্রিপুরা ডিজিটাল মিডিয়া সোসাইটি, ত্রিপুরা ওয়েব মিডিয়া ফোরাম, ত্রিপুরা জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাব , আগরতলা স্পোর্টস জার্নালিস্টস ক্লাব, ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাব। বাংলাদেশের সাংবাদিকদের স্বাধীন ভাবে কাজ করতে দেওয়ার দাবী জানানো হয়েছে সংগঠনগুলির পক্ষ থেকে।

**************

**Weather.**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ দুএক পশলা হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রাজ্যের সবকয়টি জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি পাতের সতর্ক বার্তাও রয়েছে। আহরতলায় আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত পরিমাপ অনুযায়ী বৃষ্টি হয়েছে ১৬..২ মিলিমিটার।

*************

**রাখাল শীল্ড:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া রাখাল শীল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের উদ্বোধনী খেলায় বীরেন্দ্র ক্লাব ও নাইন বুলেটস ক্লাব পরষ্পরের মুখোমুখি হবে।

***************

*************